

ঢাকা ওয়াসা



- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাবনার কপি।
- (৫) দেশ কনস্ট্রাকশন এর প্রয়োজনীয় ডকুমেন্টস।
- (৬) কম্পিউটার, প্রিন্টার, টোনার ও প্রয়োজনীয় এক্সসরিজ ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।
- (৭) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of computer, printer, toner and necessary accessories for PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। বর্তমানে ঢাকা ওয়াসার অধিকাংশ কাজ-কর্ম অর্থাৎ অফিস সেকশন, বিভাগীয় ভান্ডার, ল্যাব প্রভৃতি অনলাইন প্রতিনিয়ত কম্পিউটারের প্রয়োজন হচ্ছে। প্ল্যান্টের উৎপাদন রিপোর্টসহ স্যুয়ার কোয়ালিটি টেস্টিং প্যারামিটার ল্যাবরেটরী ব্যবস্থাপনা সফটওয়্যারে আপলোড করে সকাল বিকাল শিফটে রিপোর্টিং করা হচ্ছে। এছাড়া অফিসিয়াল কাজ-কর্মের জন্য প্রতিনিয়ত কম্পিউটার, প্রিন্টার, টোনারসহ বিভিন্ন মালামালের প্রয়োজন হয়। বিদ্যমান জনবলের চেয়ে প্রয়োজনীয় কম্পিউটার, প্রিন্টার কম থাকায় বিভাগীয় কাজকর্মসহ বিভিন্ন রিপোর্টিং কাজ ব্যাহত হচ্ছে। সেই কারণে বিভাগীয় কাজ স্বাভাবিক রাখার লক্ষ্যে জরুরী ভিত্তিতে নতুন কম্পিউটারসহ আনুষংগিক মালামাল ক্রয় করা প্রয়োজন।

১.১। সেই আলোকে বাজার দর ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of computer, printer, toner and necessary accessories for PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪,৯৮,৮৪৫.০০(চার লক্ষ আটানব্বই হাজার আটশত পয়তাল্লিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের **Computer & Accessories (কোড ০২-০১-০১৭)** খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২৩; প্যাকেজ নং- G৭ হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুসরণে সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।



১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of computer, printer, toner and necessary accessories for PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) প্রক্রিয়ায় দেশ কনস্ট্রাকশন এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৮,৮৪৫.০০(চার লক্ষ আটানব্বই হাজার আটশত পয়তাল্লিশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "Computer & Accessories (কোড ০২-০১-০১৭)" খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

০২.০৭.২০২৫
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

২৪.০৭.২০২৫
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

১৪/০৭/২০২৫
মৈয়াদ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

৪৪/১১/২০২৫

১৪/০৭/২০২৫

২৪/০৭/২০২৫

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

XEN (PSTP)